50

দৈনিক ইত্তেফাক

তারিখ 01 MAY 1995
পৃষ্ঠা ৩ কলাম ৫

# ৭টি বিদ্যালয়ের ছাদ ধসিয়া পড়ার আশঙ্কা

টেকেরহাট (মাদারীপুর) সংবাদদাতা ।। ফরিদপুর জেলাধীন ভাংগা থানার ছয়টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাদ ধসিয়া পড়ার আশংকা দেখা দিয়াছে। ঝুঁকিপূর্ণ অবস্থায় এসব বিদ্যালয়ে দীর্ঘদিন যাবৎ ক্লাস চলিতেছে। অথচ এখন পর্যন্ত ছাদ সংস্কার বা পুনঃ নির্মাণের উদ্যোগ নেওয়া হয় নাই।

জানা যায়, পাকিস্তান-আমলে নির্মিত ব্রাহ্মণকান্দা সরকারী প্রাথমিক বিদ্যালয়, আজিমনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, চুমুরদী

(৪থ পৃঃ দ্রঃ)

## ৭টি বিদ্যালয়ের ছাদ

( ৩য় পৃঃ পর )

সরকারী প্রাথমিক বিদ্যালয়, কুমারখালী সরকারী প্রাথমিক বিদ্যালয় সদরদী সরকারী প্রাথমিক বিদ্যালয় ও মিয়া পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাদের প্লাষ্টার, সুরকি খসিয়া পড়িতেছে। অনেক জায়গায় রড বাহির হইয়া পড়িয়াছে এবং ছাদের ফাটল দিয়া বৃষ্টির সময় পানি পড়ে।

এদিকে গোপালগঞ্জ জেলাধীন মুকসুদপুর থানার বোয়ালিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাদে ফাটল ধরায় ক্লাস করা ঝুঁকিপূর্ণ হইয়া পড়িয়াছে। গায়েন্দাঙ্গর সরকারী প্রাথমিক বিদ্যালয় ৯২/৯৩ আর্থিক বছরে এবং ফুলকুমারী সরকারী বিদ্যালয় প্রায় ৭ বছর পূর্বে নূতন ভবন নির্মাণের কাজ শুরু হইলেও আজ পর্যন্ত সমাপ্ত হয় নাই। বিদ্যালয় দুইটির ছাত্র/ছাত্রীরা খোলা আকাশের নীচে রৌদ্র বৃষ্টি উপেক্ষা করিয়া ক্লাস চালাইয়া আসিতেছে। ফতেপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়টির ওয়াল ফাটিয়া গিয়াছে। '৯৪ সালের ২২ এপ্রিল কালবৈশাখী ঝড়ে টিনের চাল অর্ধেক উড়াইয়া নিয়া যায়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে বহু আবেদননিবেদন সত্ত্বেও ভবনটি মেরামত বা পুনর্নির্মাণের কোন ব্যবস্থা আজও হয় নাই।